



বিষয়ঃ 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর আওতায় গৃহীত কৃষি সংশ্লিষ্ট কর্ম-পরিকল্পনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং করণীয় সংক্রান্ত অনলাইন সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নাসিরুজ্জামান
সচিব
কৃষি মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ১৫/০৯/২০২০খ্রি.; সকাল ১১.০০ ঘটিকা

২.০ আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর আওতায় গৃহীত কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্ম-পরিকল্পনাসমূহ উপস্থাপনের জন্য সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) কে অনুরোধ জানান। সহকারী প্রোগ্রামার জানান যে, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ তে করণীয় মোট বিষয়: ৩৪৩টি। এর মধ্যে কৃষি মন্ত্রণালয়ের করণীয় বিষয়: ৭৪টি স্বল্প মেয়াদী (২০২১): ৫৭টি মধ্য মেয়াদী (২০৩০): ১৩টি দীর্ঘ মেয়াদী (২০৪১): ৪টি। এছাড়া প্রাথমিক বাস্তবায়নকারী হিসেবে কৃষি মন্ত্রণালয়ের করণীয় বিষয়: ১৮টি [স্বল্প মেয়াদী (২০২১): ১২টি মধ্য মেয়াদী (২০৩০): ৪টি, দীর্ঘ মেয়াদী (২০৪১): ২টি। সভায় কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিক বাস্তবায়নাধীন ১৮টি বিষয়ের উপর মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর প্রতিটি করণীয় বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত:

কর্ম-পরিকল্পনা ক্রমিক নং	করণীয় বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮.৪.১	ই-এগ্রিকালচার ভিশন কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন।	<p>(ক) ই-এগ্রিকালচার ভিশন কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত অতিরিক্ত সচিব (প্রশাসন) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে।</p> <p>(খ) 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রয়োজনে এ বিষয়ে আইসিটি ডিভিশন হতে রিসোর্স পারসন আনা যেতে পারে।</p> <p>(গ) নগরে বাস্তবায়নাধীন ছাদ কৃষি প্রকল্পের অধীনে যারা ছাদ কৃষি স্থাপন করেছে কোন প্রয়োজনে যে কোন সময় যেন ডিজিটাল পদ্ধতিতে সংশ্লিষ্টদের সাথে অনলাইন সহযোগিতা/যোগাযোগ করতে পারেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(ঘ) কৃষি মন্ত্রণালয়ের মানব সম্পদ উন্নয়নের জন্য হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের জন্য আইসিটি সেলের কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাদের উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিতে হবে।</p> <p>(ঙ) মন্ত্রণালয়ের ইউটিউবের জন্য ছোট ছোট ভিডিও প্রস্তুত করতে হবে এবং চ্যানেলে আপলোড করতে হবে। ভিডিও স্ক্রিপ্ট সমূহ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।</p>	<p>যুগ্ম সচিব (প্রশাসন)</p> <p>(খ) মহাপরিচালক, নাট্য</p> <p>(গ) ডিএই, প্রকল্প পরিচালক ছাদ কৃষি স্থাপন</p> <p>(ঘ) যুগ্ম সচিব (প্রশাসন) ও সকল দপ্তর/ সংস্থা প্রধান</p> <p>(ঙ) এআইএস, আইসিটি সেল</p>

কর্ম-পরিকল্পনা ক্রমিক নং	করণীয় বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮.৪.২	এগ্রিনেট-নীতি প্রণয়নকারী প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ ডিপার্টমেন্টসমূহ, কৃষক এবং বাজার সম্পৃক্ত করে একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম (Knowledge Repository, Service Delivery, Education & e-Learning, Real-time Problem Solving, Collaboration & Information Sharing) তৈরি করা এবং এতে সরকারি খাদ্য সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থাকেও সম্পৃক্তকরণ।	(ক) বাজারে কোন পণ্যের কী দাম কৃষক যেন জানতে পারেন এরকম প্ল্যাটফর্ম তৈরি করতে হবে। (খ) সকল দপ্তর সংস্থাপ্রধানসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ডিজিটাল মিটিং কিভাবে অপারেট করতে হবে সে বিষয়ে হ্যান্ডনোট প্রদান করতে হবে। (গ) সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবে বাস্তবায়নাধীন: “Integrated Digital Service Delivery Platform for Ministry of Agriculture” কার্যক্রমটি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	(ক) কৃষি বিপণন অধিদপ্তর (খ) আইসিটি সেল (গ) অতি: সচিব (প্রশাসন)
৮.৪.৩	ফার্টাইলিজার রিকমেডেশন, Localized Real Time & Predictive Weather Information সহ সকল প্রকার কৃষি পরামর্শ সেবার ক্ষেত্রে IoT, Censor, AI, Big data Analytics, AR সমন্বয়ে real-time Data feeding system এর মাধ্যমে আরো উন্নয়নপূর্বক একটি একক ও পূর্ণাঙ্গ কৃষি ইনপুট ও ফসল পরিকল্পনার Integrated Advisory Service চালুকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে Geographic Information System and Remote Sensing (Satellite, Airborne, UAV) ব্যবহার।	(ক) GIS ও Satellite এর প্রযুক্তি ব্যবহার করে ক্রপ জোনিংয়ের মাধ্যমে কৃষক জমিতে কোন এলাকায় কোন ধরণের ফসল করবে, কি পরিমাণ সার দিবে এসব তথ্য প্রস্তুত করতে হবে; (খ) আইসিটি নীতিমালার পরবর্তী প্রতিবেদনে BARC এর গৃহীত কর্মকান্ডের তথ্য সংযুক্ত করতে হবে; (ঘ) ফার্টাইলিজার রিকমেডেশনের কর্মকান্ড অব্যাহত থাকবে; (ঙ) এগ্রোমেট ল্যাবের সার্ভিসের লিংক বাস্তবায়নাধীন ডিজিটাল সার্ভিসে যুক্ত রাখতে হবে; (চ) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ধানের ফার্টাইলিজার রিকমেডেশন, weather information, Advisory service সহ GIS, Remote sensing ব্যবস্থা “Integrated Digital Service Delivery Platform for Ministry of Agriculture” তে যুক্ত করতে হবে;	(ক) বিএআরসি, এসআরডিআই (খ) আইসিটি সেল (ঘ) এসআরডিআই (ঙ) যুগ্ম সচিব (প্রশাসন) ও ব্রি (চ) অতি: সচিব (প্রশাসন)
৮.৪.৪	তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে Precision Agriculture Technology জ্ঞান এবং পদ্ধতি Dissemination এবং ফলিত গবেষণার ব্যবস্থা করা এবং এ কাজে কৃষিতে ইনোভেশনে উৎসাহী তরুণদের সম্পৃক্ত করে বাস্তব Precision Farming এর প্রদর্শনীর ব্যবস্থা করা। Precision Farming জনপ্রিয় করে তোলার উদ্যোগ গ্রহণ।	(ক) Precision Agriculture এবং Precision Farming বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে; (গ) বরেন্দ্র এলাকায়, ছাদ বাগানের Precision Agriculture Technology ব্যবহারের কার্যক্রম গ্রহণ করতে হবে।	(ক) বিএআরসি /নাটা (গ) ডিএই, বিএমডিএ

কর্ম-পরিকল্পনা ক্রমিক নং	করণীয় বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮.৪.৫	সকল প্রকার কৃষি শিক্ষায় তথ্যপ্রযুক্তির বাস্তব ও ব্যবহারিক প্রয়োগ এবং শিক্ষার্থীদের মধ্যে তথ্যপ্রযুক্তি ব্যবহারের দক্ষতা তৈরির ব্যবস্থা কারিকুলাম-এ অন্তর্ভুক্তকরণ।	(ক) কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই) এর কারিকুলামে তথ্যপ্রযুক্তির বাস্তব ও ব্যবহারিক প্রয়োগের বিষয় অন্তর্ভুক্ত করতে হবে। (খ) কৃষকদেরকে কে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;	(ক) ডিএই (খ) ডিএই
৮.৪.৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে Climate Smart Agriculture (CSA) ধারণা ও প্রভাব সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং প্রয়োগ চালুকরণ।	Climate Smart Agriculture (CSA) ধারণা ও প্রভাব সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য ব্রি তে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে	ব্রি
৮.৪.৭	তথ্যপ্রযুক্তি প্রয়োগে (আইওটি ও সেন্সর সমন্বিত) একটি আধুনিক, পুষ্টিসমৃদ্ধ, নিরাপদ ফল ও ফসল উৎপাদন ব্যবস্থা গড়ে তোলা।	তথ্যপ্রযুক্তি প্রয়োগে (আইওটি ও সেন্সর সমন্বিত) একটি আধুনিক, পুষ্টিসমৃদ্ধ, নিরাপদ ফল ও ফসল উৎপাদন ব্যবস্থা গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ডিএই, বিএডিসি; বিএআরসি, ব্রি
৮.৪.৮	কৃষি শিক্ষা, গবেষণা, উন্নয়ন, সম্প্রসারণ, ও নীতি নির্ধারণী কাজে নিয়োজিত সকল পর্যায়ের প্রতিষ্ঠানকে উচ্চ গতির ব্রডব্যান্ড কানেক্টিভিটিতে সংযুক্ত করা এবং মাঠ পর্যায়ের কর্মীদের ইন্টারনেট এনাবেল্ড ডিভাইস প্রদান।	(ক) সকল দপ্তর/সংস্থায় উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট সংযোগ স্থাপন করতে হবে। (খ) মাঠ পর্যায়ের কর্মীদের নিকট ইন্টারনেট এনাবেল ডিভাইস প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	(ক) সকল দপ্তর/সংস্থা (খ) মহাপরিচালক, ডিএই
৮.৪.৯	National e-Governance Architechture এর সাথে সামঞ্জস্য রেখে কৃষির জন্য একটি Enterprise Architecture তৈরি।	National e-Governance Architechture এর সাথে সামঞ্জস্য রেখে বাস্তবায়নাত্মক ডিজিটা সার্ভিসের কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কৃষির জন্য একটি Enterprise Architecture তৈরি করতে হবে।	অতি: সচিব (প্রশাসন)
৮.৪.১০	কৃষি খাতের জন্য গৃহীত সকল প্রকল্প কর্মসূচিতে তথ্যপ্রযুক্তির উপযুক্ত ব্যবহার নিশ্চিত করা এবং প্রকল্পের বাজেটে তথ্যপ্রযুক্তি প্রয়োগের জন্য সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ রাখা।	প্রকল্পের বাজেটে তথ্যপ্রযুক্তি প্রয়োগের জন্য সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ রাখতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ ও সকল দপ্তর সংস্থা।
৮.৪.১১	তথ্যপ্রযুক্তি ভিত্তিক সমন্বিত সেবা সরবরাহ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন সিস্টেম গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ।	সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবে “Integrated Digital Service Delivery Platform for Ministry of Agriculture” বাস্তবায়ন করত হবে।	অতিরিক্ত সচিব(প্রশাসন)
৮.৪.১২	কৃষি পণ্যের Traceability নির্ধারণে নিত্য নতুন প্রযুক্তির ব্যবহারকরণ।	কৃষি পণ্যের Traceability নির্ধারণে নতুন প্রযুক্তি উদ্ভাবনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল দপ্তর সংস্থা
৮.৪.১৩	কৃষিতে তথ্যপ্রযুক্তি ভিত্তিক উদ্ভাবনী চর্চার জন্য DAE-তে একটি উদ্ভাবনী ল্যাব স্থাপন।	(ক) আইসিটি বিভাগের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে; (খ) প্রয়োজনে কমিটি গঠন করতে হবে;	ডিএই
৮.৪.১৪	সকল পর্যায়ের কৃষি কর্মকর্তা/কর্মচারিগণের দক্ষতা উন্নয়নের জন্য একটি e-Learning Platform তৈরিকরণ।	(ক) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে অনলাইন (TMIS) প্ল্যাটফর্মে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করতে হবে; (খ) ব্রি'তে e-Learning Platform প্রশিক্ষণ প্রদান করতে হবে;	(ক) নাটা (খ) ব্রি

৫

কর্ম-পরিকল্পনা ক্রমিক নং	করণীয় বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮.৪.১৫	কৃষকদের একটি পূর্ণাঙ্গ ডাটাবেস তৈরিকরণ।	কৃষি বাতায়নের মাধ্যমে কৃষকদের একটি পূর্ণাঙ্গ ডাটাবেস তৈরি করতে হবে	ডিএই
৮.৪.১৬	কৃষি সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে সমন্বিত Payment Gateway ব্যবহার।	(ক) ডিজিটাল সার্ভিসে সমন্বিত Payment Gateway ব্যবহার করতে হবে; (খ) কৃষি সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে সমন্বিত Payment Gateway ব্যবহার করতে হবে;	(ক) সকল দপ্তর সংস্থা (ক) সকল দপ্তর সংস্থা
৮.৪.১৮	পুষ্টি সমৃদ্ধ ফল, ফসল, সবজি, মসলা, হাঁস, মুরগি, গবাদি পশুপালন, মৎস্য চাষ ইত্যাদিতে নতুন প্রযুক্তি ব্যবহারের প্রায়োগিক জ্ঞান, পদ্ধতি এবং স্টেপ বাই স্টেপ ব্যবহারিক প্রদর্শনি সম্বলিত একটি ডিভাইস ও প্ল্যাটফর্ম independent প্রযুক্তি তৈরিকরণ।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সভা করে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	আইসিটি সেল
৮.৪.২২	সকল ধরনের কৃষকের কাছে কৃষি ঋণ সহজলভ্য করার জন্য GIS/GPS, কৃষক ডাটা বেজ, জেলে ডাটা বেজ, হাঁস-মুরগী খামারী ডাটাবেজ, ইনপুট এডভাইজরি সিস্টেম সমন্বয়ে মোবাইল ফোন নির্ভর একটি এ্যাপ্লিকেশন তৈরিকরণ।	প্রাথমিক বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রদান করতে হবে	আইসিটি সেল

৭.০ পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসিরুজ্জামান
২৬/০৯/২০২০
(মোঃ নাসিরুজ্জামান)
সচিব
কৃষি মন্ত্রণালয়